

২০২৬

বাংলা - এম. ডি. সি

পত্র : CC-5

(প্রাগাধুনিক বাংলা সাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “আজু হাম কি পেখলু নবদ্বীপচন্দ” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? নবদ্বীপচন্দ কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+১+১২

অথবা

- (খ) ‘মাথুর’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্যপদ অবলম্বনে তাঁর কৃতিত্বের মূল্যায়ন করো। ২+১+১২

- ২। (ক) “দুঃখ-দারিদ্র্যের চিত্র অন্ধনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই কবির স্বভাব ধর্ম।” — ‘কবিকঙ্কণ চণ্ডী’র ‘আখোটিক খণ্ড’ অবলম্বনে এই উক্তিটির সঙ্গতি বিচার করো। ১৫

অথবা

- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কালকেতু একটি উজ্জ্বল মানব চরিত্র। — আলোচনা করো। ১৫

- ৩। (ক) আগমনী-বিজয়ার গানকে কেবলমাত্র ধর্মীয় গীতি হিসেবে না দেখে বাঙালির দৈনন্দিন জীবনের মা ও মেয়ের সম্পর্কের বাস্তব ও স্পর্শকাতর জীবনচিত্র বলাই অধিকতর সংগত। — আলোচনা করো। ১৫

অথবা

- (খ) শাস্ত্রপদ রচনায় সাধক কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতির মূল্যায়ন করো। ১৫

- ৪। (ক) “গাগরি বারি ঢারি করি পীছল” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? রাধা যাত্রার জন্য কী কী প্রস্তুতি নিয়েছেন সংক্ষেপে লেখো। ১+১+৩

অথবা

- (খ) “আহীরী রমণী হাসে দাঁড়াইয়া চারপাশে।

হয় নয় দেখ শুধাইয়া।।” —

- কোন পর্যায়ের পদ? কবি কে? ‘আহীরী’ শব্দটির অর্থ কী? আহীরী রমণীদের হাসির কারণ কী? ১+১+১+২

Please Turn Over

(6685)

৫। (ক) “দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।

আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।”

বক্তা কে? কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

১+১+৩

অথবা

(খ) “বাণ্যা বলে ভাইপো ইবে নাহি দেখি তো

এ তোর কেমন ব্যবহার।।”

— কার উদ্দেশ্যে কে এই উক্তি করেছে? এর মধ্যে বক্তার চরিত্রের কোন লক্ষণ প্রকাশ পেয়েছে?

২+৩

৬। (ক) “এবার আমার উমা এলে আর উমা পাঠাব না।

বলে বলুক লোকে মন্দ কারো কথা শুনব না।।”

— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? বক্তার এমন মনোভাবের কারণ ব্যাখ্যা করো।

১+১+৩

অথবা

(খ) “কু-পুত্র অনেক হয় মা

কু-মাতা নয় কখনো তো।।”

— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? পদটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

১+১+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও—

১×১৫

(ক) “তাতল সৈকত বারি-বিন্দুসম”— ‘তাতল’ শব্দের অর্থ কী?

(খ) “সখি কি পুছসি অনুভব মোয়”— কোন পর্যায়ের পদ?

(গ) “দাঁড়াইয়া নন্দের আগে”— পদটির পদকর্তা কে?

(ঘ) ‘দ্বিতীয় বিদ্যাপতি’ কাকে বলা হয়?

(ঙ) “পাসরিতে করি মনে পাসরা না যায় গো

কি করিব কি হবে উপায়।”— ‘পাসরিতে’ কথার অর্থ কী?

(চ) কবিকঙ্কণ মুকুন্দের কাব্যের আসল নাম কী?

(ছ) “নেউগী চৌধুরী নই না করি তালুক।”— কে, কার উদ্দেশ্যে এরকম মন্তব্য করেছে?

(জ) “কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে”— এখানে ‘ষোড়শী কন্যা’ কে?

(ঝ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ব্যবহৃত হয়েছে এরকম একটি প্রবাদে উল্লেখ করো।

(ঞ) “খিলভূমি লিখে লাল”— ‘খিলভূমি’ শব্দের অর্থ কী?

(ট) শাক্তপদাবলীর মূল রস কী?

(ঠ) “ওরে নবমী নিশি, না হইও রে অবসান।”— উক্তিটির বক্তা কে?

(ড) “মা আমায় ঘুরাবে কত”— পদটি কার লেখা?

(ঢ) ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে?

(ণ) কোন্ পর্যায়ের পদে জগজ্জননীর প্রতি ভক্তের অভিমান ও অভিযোগ ধ্বনিত হয়েছে?